



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। বিজনেস স্টাডিজ অনুষদের ডিনের অফিস

লিফটম্যানঃ- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/স্নাতক/সমমান এবং লিফট রক্ষণাবেক্ষণ ও সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স/ডিপ্লোমা পাশ-এর সার্টিফিকেট থাকিতে হইবে।
--	------------	---

২। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

(ক) নিম্নমান সহকারী-কাম- মুদ্রাক্ষরিক ঃ- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	আবেদনকারীকে সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ হইতে হইবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র বা ইনস্টিটিউট হইতে কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকিতে হইবে এবং এমএসওয়ার্ড, এমএসএক্সেল, পাওয়ার পয়েন্টসহ টাইপের গতি বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দ থাকিতে হইবে।
(খ) উচ্চমান সহকারী ঃ- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	আবেদনকারীকে সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ হইতে হইবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় পারদর্শী হইতে হইবে।

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১৬-১০-২০১৬ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র বিজনেস স্টাডিজ অনুষদের ডিন-এর অফিসে এবং ক্রমিক-২ এর আবেদনপত্র জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট-এর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

জোর স্কান
১৯/১০/১৬